গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.dowarabazar.sunamganj.gov.bd

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

বিষয় ঃ উপজেলা পরিষদের জুন, ২০২২ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ দেওয়ান আল তানভীর আশরাফী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

সভার তারিখ ঃ ২৯ জুন, ২০২২ খ্রিঃ।

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার সভাপতির অনুমতিক্রমে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

এরপর বিভাগওয়ারী নিম্নরূপভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | ক) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি এবং উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে নেয়া প্রকল্পসমূহের কাজ সমাপ্ত হয়েছে। তাছাড়া অন্যান্য প্রকল্পের কাজ বর্ষার কারণে বন্ধ রয়েছে। | ক) এডিপি এবং উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিলে হতে নেয়া প্রকল্পগুলোর কাজ সমাপ্ত করায় উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী দোয়ারাবাজার সুনামগঞ্জ। |
| | | খ) চেয়ারম্যান, বোগলাবাজার ইউনিয়ন পরিষদ বলেন বন্যায় তাঁর ইউনিয়নের অনেক ক্ষতি সাধিত হয়েছে। অনেক রাস্তা ঘাট ও ঘর বাড়ী পানির স্রোতে নষ্ট হয়েছে। বর্তমানে বন্যা চলমান রয়েছে, বন্যা পরবর্তী সময়ে আরো ক্ষতির পরিমাণ বাড়বে মর্মে তিনি উল্লেখ করেন। রাস্তা-ঘাটের অনেক ক্ষতি হয়েছে, এগুলো মেরামত করার ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | খ) এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | |
| | | গ) চেয়ারম্যান, দোহালিয়া ইউনিয়ন পরিষদ বলেন এবারের বন্যায় তাঁর ইউনিয়নে ব্যপক ক্ষতি সাধিত হয়েছে। বিয়ানী বাজারের পশ্চিমে একটি ব্রিজ একেবারে বিলীন হয়েছে। কাঞ্চনপুর নামক স্থানের রাস্তার প্রায় ৫৫০ ফুট একেবারে বিলীন হয়ে গেছে। বন্যা পরবর্তী সময়ে রাস্তাটি মেরামত করা প্রয়োজন মর্মে তিনি বলেন। | গ) এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | |
| | | ঘ) চেয়ারম্যান, পান্ডারগাঁও ইউনিয়ন পরিষদ বলেন তাঁর ইউনিয়নে ব্যপক ক্ষতি করেছে পানির ঢেউ। ঢেউ এ বাড়ী ঘরের মারাত্নক ক্ষতি সাধিত হয়েছে। মানুষের ঘর-বাড়ী পুর্ণবাসনে সরকারী সহযোগিতা প্রয়োজন মর্মে তিনি উল্লেখ করেন। | ঘ) এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | |
| | | ঙ) চেয়ারম্যান, লক্ষীপুর ইউনিয়ন পরিষদ বলেন এবারের বন্যায় সবচেয়ে বেশী ক্ষতি হয়েছে লক্ষীপুর ইউনিয়নে। খাসিয়ামারা নদীর বেরীবাঁধ ভেঙ্গে ১৫টি বাড়ী-ঘর বিলীন হয়েছে। তাছাড়া আশে-পাশের গ্রামে পানির স্রোতে অনেক ঘর-বাড়ী নষ্ট হয়েছে মর্মে তিনি জানান। | ঙ) এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | |
| ০২ | ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা | ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। ২০২১-২২ অর্থ বছরে এ উপজেলায় গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারণ) এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) বিপরীতে প্রকল্পসমূহের কাজ ইতিমধ্যে সমাপ্ত হয়েছে মর্মে তিনি জানান। তিনি আরো বলেন এবারের বন্যায় গ্রামীন রাস্তা-ঘাট মারাত্নক ভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে। ক্ষতিগ্রস্থ রাস্তার তালিকা প্রণয়ন করবেন মর্মে তিনি সভায় জানান। | উপজেলার ক্ষতিগ্রস্থ রাস্তাগুলোর তালিকা প্রণয়ন করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দোয়ারাবাজার সুনামগঞ্জ। |

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৩ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। দোয়ারাবাজার উপজেলা গত দুই অর্থ বছর কোন ভাতার বরাদ্দ পাওয়া যায়নি। সারা দেশে ২৬২ টি উপজেলাকে শতভাগ ভাতার আওতায় নেওয়া হয়েছে। নতুন অর্থ বছরে এরা ১০০ টি উপজেলা শতভাগ ভাতার আওতায় নেওয়া হবে। এ তালিকায় দোয়ারাবাজার উপজেলা অন্তর্ভূক্ত করার ব্যবস্থা গ্রহণে মাননীয় সংসদ সদস্য মহোদয়কে অনুরোধ জানানো হয়েছে। তিনি আরো বলেন এ উপজেলা প্রতিবন্ধি ভাতার বরাদ্দ পাওয়া গেছে। প্রতিবন্ধি যারা রয়েছে, তারা সমাজসেবা অফিসে যোগাযোগ করলে ডাক্তার কর্তৃক যাচাই-বাছাই করে ভাতা ব্যবস্থা করা হবে মর্মে তিনি জানান। | দোয়ারাবাজার উপজেলাকে শতভাগ ভাতার আওতায় অন্তর্ভূক্ত করার ব্যবস্থা গ্রহণে মাননীয় সংসদ সদস্য মহোদয়কে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, দোয়ারাবাজার। |
| ০৪ | মৎস্য ও প্রাণীসম্পদ | উপজেলা মৎস্য অফিসার, দোয়ারাবাজার বলেন বন্যায় দোয়ারাবাজার উপজেলায় মৎস্য চাষীদের মারাত্নক ক্ষতি হয়েছে। উপজেলার একটি পুকুরও রক্ষা করা সম্ভব হয়নি, সব পুকুরের পাড়ের উপর প্রায় ৩-৪ হাত পানি ছিল। উপজেলার মৎস্যচাষীদের ঋণ দিয়ে আবার ঘোরে দাড়ানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন সুনামগঞ্জ জেলার বন্যা পরিস্থিতি সম্পর্কে সরকার অবগত হয়েছেন এবং সে অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। সর্বক্ষেত্রে সরকার জনগণের পাশে আছে এবং তাদের ঘুরে দাড়ানো ব্যবস্থা গন্থহণ করবেন মর্মে তিনি সভায় জানান। | উপজেলায় মৎস্য চাষীদের ক্ষয়-ক্ষতির পরিমাণ উল্লেখ করে জেলায় প্রেরণের জন্য উপজেলা মৎস্য অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য অফিসার, দোয়ারাবাজার |
| ০৫ | রাজস্ব তহবিল সংক্রান্ত | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন ২০২১-২২ অর্থ বছরের মে/২২ মাসে মোট ১২ দিন সরকারী কাজে ও জনস্বার্থে বিভিন্ন এলাকা ভ্রমণ করেন। তাঁর দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার জন্য সভায় জানান।<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন ২০২১-২২ অর্থ বছরের মে/২২ মাসে মোট ০৬ দিন সরকারী কাজে ও জনস্বার্থে বিভিন্ন এলাকা ভ্রমণ করেন। তাঁর ভ্রমণ ও দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার জন্য সভায় জানান।<br>মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন ২০২১-২২ অর্থ বছরের মে/২২ মাসে মোট ০৬ দিন সরকারী কাজে ও জনস্বার্থে বিভিন্ন এলাকা ভ্রমণ করেন। তাঁর ভ্রমণ ও দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার জন্য সভায় জানান।<br>খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ মে/২২ মাসের উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং মাসিক সাধারণ সভায় আপ্যায়ন ২৭,০০০/- টাকার ৭.৫% ভ্যাট ২,০২৫/- টাকা ও ২% আয়কর ৫৪০/- টাকাসহ মোট ২৯,৫৬৫/- (উনত্রিশ হাজার পাঁচশত পয়ষট্টি) টাকা এবং অফিস সামগ্রী, ফটোকপি, পত্রিকা বিল ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ৪,৫১০/- টাকার ৫% ভ্যাট ২২৬/- টাকা ও ২% আয়কর ৯০/- টাকাসহ মোট ৪,৮২৬/- (চার হাজার আটশত ছাব্বিশ) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার অনুরোধ জানান। | ক) চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর ভ্রমণ ও দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) উপজেলা পরিষদের মে/২২ মাসের আপ্যায়ন এবং অফিস সামগ্রী, ফটোকপি, পত্রিকা বিল ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার |

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৫ | রাজস্ব তহবিল সংক্রান্ত | গ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন আনসারদের আবাসন ভবনে পানির লাইন সংযোজন এবং গ্যাস লাইন না থাকায় গ্যাস সিলেন্ডারসহ চুলা ক্রয় করা হয়। এতে পানির লাইন সংযোজনে ৮,৭০০/- এবং সিলেন্ডারসহ চুলা ক্রয়ে ৩,৯০০/- টাকাসহ সর্বমোট ১২,৬০০/- টাকা ব্যয় হয়। উক্ত ব্যয়িত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের অনুরোধ জানান। | গ) আনসারদের আবাসন ভবনে পানির লাইন লাইন সংযোজনে ৮,৭০০/- এবং সিলেন্ডারসহ চুলা ক্রয়ে ৩,৯০০/- টাকাসহ সর্বমোট ১২,৬০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ঘ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন বাপ্পী রাণী দাস, পিতা- বিনন্দ চন্দ্র দাস, গ্রাম- সোনাপুর, পান্ডারগাঁও, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। তিনি শাহজালাল বিজ্ঞান প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ইংরেজি ডিপার্টমেন্টে ১ম বর্ষে অধ্যায়নরত। তার পারিবারিক আর্থিক অস্বচ্ছল থাকায় উচ্চ শিক্ষার ব্যয়ভার বহন করতে পারছেন না বিধায় গত ০২/০৬/২২ তারিখে তাঁর বরাবরে ভর্তি জন্য আর্থিক সহায্য চেয়ে একটি আবেদন দাখিল করেন। আবেদনের প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ে পড়া-লেখার জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে আর্থিক সাহায্য প্রদানের অনুরোধ জানান। | ঘ) বাপ্পী রাণী দাস, পিতা- বিনন্দ চন্দ্র দাস, গ্রাম- সোনাপুর, পান্ডারগাঁও, দোয়ারাবাজার, সুনামগঞ্জ কে তিনি শাহজালাল বিজ্ঞান প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ইংরেজি ডিপার্টমেন্টে উচ্চ শিক্ষার অর্জনের লক্ষে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের শিক্ষাবৃত্তি খাত হতে ২০,০০০/-আর্থিক সাহায্য প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ঙ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন বন্যায় সময় ও পরে সাপের উৎপাত বৃদ্ধি পাওয়া সাপ তাড়ানোর জন্য কার্বোলিক এসিড ক্রয় করা হয়। এতে ২,৭২০/- টাকার ভ্যাট ও আয়করসহ সর্বমোট ২,৯১১/- টাকা ব্যয় হয়। উক্ত ব্যয়িত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের অনুরোধ জানান। | ঙ) বন্যায় সময় ও পরে সাপের উৎপাত বৃদ্ধি পাওয়া সাপ তাড়ানোর জন্য কার্বোলিক এসিড ক্রয়ে ব্যয়িত ২,৭২০/- টাকার ভ্যাট ও আয়করসহ সর্বমোট ২,৯১১/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।

২৭.০৬.২০২২

(দেওয়ান আল তানভীর আশরাফী চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা

স্মারক নং- ০৫.৪৬.৯০৩৩.০০০.০৭.০০৫.২০- ১৬৩

তারিখ ঃ২৭ জুন, ২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ
অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-২২৮, সুনামগঞ্জ-০৫।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৪। পরিচালক, স্থানীয় সরকার শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার শাখা, সুনামগঞ্জ।
৬। জনাব/বেগম ............................................, ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৭। উপজেলা ..................................................অফিসার (সংশিষ্ট বিভাগ), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৮। চেয়ারম্যান, ..............................................ইউনিয়ন পরিষদ (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৯। জনাব.......................................................................................।
১০। উপজেলা টেকনিশিয়ান, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। তাঁকে কার্যবিবরণীর কপিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
১১। সংরক্ষণ নথি।

২৭/০৬/২০২২

(ফারজানা প্রিয়াংকা)
উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা